



ক্ষুদ্র, মাইক্রো ও কুটির শিল্প ফাউন্ডেশন(এসএমসিআইএফ)
শিল্প মন্ত্রণালয়।

মালেক ম্যানসন (৯ম তলা), ১২৮ মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০।
e-mail: smcifheadoffice@gmail.com web: smcif.portal.gov.bd



স্মাঃ এসএমসিআইএফ/প্রঃ কাঃ/ফরম-০১/২০১৫/ ১৮২ (৬৪)

তারিখ : ০২ চৈত্র ১৪২৭
১৬ মার্চ ২০২১

বিষয় : সংশোধিত ছকে আয়-ব্যয় হিসাব প্রেরণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, এসএমসিআইএফ জেলা কার্যালয়গুলো থেকে প্রতি মাসে যে ছকে আয়-ব্যয় হিসাব প্রধান কার্যালয়ে প্রেরণ করা হয়, সে ছকটি কিঞ্চিৎ সংশোধন করা হয়েছে। এখন থেকে (মার্চ-২০২১ মাস থেকে) এতদসঙ্গে সংযুক্ত সংশোধিত ছকে প্রতি মাসে আয়-ব্যয় হিসাব প্রধান কার্যালয়ে প্রেরণ করতে হবে। মার্চ-২০২১ মাসের আয়-ব্যয় হিসাব ০১লা এপ্রিল তারিখের মধ্যে অবশ্যই প্রধান কার্যালয়ে প্রেরণ করতে হবে এবং উক্ত আয়-ব্যয় হিসাবের সাথে অবশ্যই ৩১.০৩.২০২১ তারিখের সার্ভিস চার্জ হিসাবের ব্যাংক স্টেটমেন্ট সংযুক্ত করতে হবে (বিষয়টি অতীব জরুরী)।

পরবর্তী মাস থেকে (এপ্রিল-২০২১ মাস থেকে) সংশোধিত ছকে আয়-ব্যয় হিসাব, রেওয়ামিল ও এমআইএস প্রতিবেদন প্রতি মাসের ০৫ তারিখের মধ্যে প্রধান কার্যালয়ে পৌঁছানো নিশ্চিত করতে হবে এবং প্রতি মাসের আয়-ব্যয় হিসাবের সাথে অবশ্যই সার্ভিস চার্জ হিসাবের ব্যাংক স্টেটমেন্ট সংযুক্ত করতে হবে।

এছাড়া প্রতি মাসের রেওয়ামিলের সাথে অবশ্যই সকল ব্যাংক হিসাবের ব্যাংক স্টেটমেন্ট সংযুক্ত করতে হবে। অন্যথায় সংশ্লিষ্ট কেন্দ্রের এসএমসিআইএফ-এর দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাকে কর্তব্যে অবহেলার অভিযোগে অভিযুক্ত করা হবে।

কর্তৃপক্ষের অনুমোদনক্রমে

(জি,এম, রব্বানী তালুকদার)

নিয়ন্ত্রক(হিসাব ও অর্থ)

বিসিক, ঢাকা

ও

সমন্বয়ক, এসএমসিআইএফ।

সংযুক্ত : আয়-ব্যয় হিসাবের সংশোধিত ছক-০১ পাতা।

উপ-মহাব্যবস্থাপক/ সহকারী মহাব্যবস্থাপক/ উপ-ব্যবস্থাপক,
বিসিক জেলা কার্যালয়, (সকল জেলা)।



ক্ষুদ্র, মাইক্রো ও কুটির শিল্প ফাউন্ডেশন(এসএমসিআইএফ)
শিল্প মন্ত্রণালয়।

মালেক ম্যানসন (৯ম তলা), ১২৮ মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০।
e-mail: smcifheadoffice@gmail.com web: smcif.portal.gov.bd



তারিখ: ২৩/০৩/২০২২

বিষয় : আগামী ০১.০৪.২০২১ তারিখের পূর্বে মার্চ-২০২১ মাসের বেতন-ভাতা উত্তোলন না করা প্রসঙ্গে।

এসএমসিআইএফ-এর কর্মকর্তা/কর্মচারীদের গ্র্যাচুইটি সুবিধা বাস্তবায়নের লক্ষ্যে সুষ্ঠুভাবে হিসাব প্রণয়নের স্বার্থে মার্চ-২০২১ মাসের বেতন-ভাতা আগামী ০১.০৪.২০২১ তারিখের পূর্বে উত্তোলন না করার জন্য অনুরোধ করা হলো।

৩১.০৩.২০২১ তারিখের লেনদেন শেষ করে উক্ত তারিখ পর্যন্ত আয়-ব্যয় হিসাব প্রণয়ন করতে হবে এবং ৩১.০৩.২০২১ তারিখের লেনদেন শেষ করে সার্ভিস চার্জ হিসাবের ব্যাংক স্টেটমেন্ট উত্তোলন করতে হবে। ৩১.০৩.২০২১ তারিখের ব্যাংক স্টেটমেন্ট উত্তোলন করার পর ০১.০৪.২০২১ তারিখে বেতন-ভাতা গ্রহণ করবেন।

বিষয়টি অতীব জরুরী।

(কাজী কামরুল হাসান)

হিসাবরক্ষণ কর্মকর্তা

এসএমসিআইএফ প্রধান কার্যালয়।

সম্প্রসারণ কর্মকর্তা/ সহকারী সম্প্রসারণ কর্মকর্তা,
এসএমসিআইএফ জেলা কার্যালয়, (সকল জেলা)।